দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
অনুসন্ধান
কেন্দ্র

02

তারিখ 04 MAR 1988
পৃষ্ঠা ৫

CC2

# কৃষি বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর নামে হল চাই

কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের থাকার জন্য মাত্র গুটিকয়েক হল আছে। ফলে প্রত্যেক হলে ছাত্র-ছাত্রীদের কষ্ট করে ডাবলিং ট্রিবলিং করে থাকতে হচ্ছে। এতে ছাত্র-ছাত্রীদের পড়াশুনায় যেমন ক্ষতি হচ্ছে তেমনি প্রতিটি রুমে অতিরিক্ত ছাত্র-ছাত্রী থাকায় হলের পরিবেশও নষ্ট হচ্ছে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে সেশনজটের কারণে সমস্যা আরো প্রকট আকার ধারণ করেছে। অধিকাংশ হলে ছাত্রছাত্রীদের জন্য প্রয়োজনীয় চেয়ার-টেবিল নাই। '৮৭-৮৮ সালে ভর্তিকৃত অধিকাংশ ছাত্র-ছাত্রী হলে সিট না পাওয়ায় যাযাবরের মত ঘুরে বেড়াচ্ছে। সেই জন্য ছাত্রছাত্রীদের থাকার সুবিধার্থে অবিলম্বে নতুন হল নির্মাণ প্রয়োজন। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের অনেক শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর নামে হল থাকিলেও কৃষি বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর নামে কোন হল নেই। অথচ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানই কৃষি শিক্ষার মর্যাদাকে প্রতিষ্ঠিত করেন। তিনি কৃষিবিদদের ২য় শ্রেণীর মর্যদা থেকে ১ম শ্রেণীতে উন্নীত করে এক গৌরবোজ্জ্বল অধ্যায়ের সূচনা করেন। অত্যন্ত দুঃখের বিষয়, অনেকের নামে এ বিশ্ববিদ্যালয়ের অনেক কিছুর নামকরণ করা হলেও বঙ্গবন্ধুর নামে কোন কিছুর নামকরণ করা হয়নি। তাই কর্তৃপক্ষের নিকট অনুরোধ—অনতিবিলম্বে কৃষি বিশ্ববিদ্যালয়ে নতুন হল নির্মাণ করে তার নাম 'বঙ্গবন্ধু হল' রাখা হোক।

এম,এস, এ হালিম
৪২৮।গ ফজলুল হক হল,
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়,
ময়মনসিংহ।